

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বিদ্যুৎ উইং

নং-২০.০৫.০০০০.৪৭৮.১৪.৩১৬.১৮-৩৩


তারিখঃ ২৩ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ
০৭ মার্চ ২০১৮ খ্রিষ্টাব্দ

প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদ্যুৎ বিভাগের আওতাধীন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) কর্তৃক প্রস্তাবিত “সৌর বিদ্যুৎ চালিত পাম্পের মাধ্যমে কৃষি সেচ” শীর্ষক প্রকল্পের ওপর প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি)’র সভা আগামী ১১/০৩/২০১৮ তারিখ রবিবার দুপুর ২.৩০ ঘটিকায় পরিকল্পনা কমিশনের সদস্য (শিল্প ও শক্তি বিভাগ) মহোদয়ের সভাপতিত্বে তাঁর সম্মেলন কক্ষে (ব্লক-১০, কক্ষ-৩) অনুষ্ঠিত হবে।

২। উক্ত সভায় উপযুক্ত প্রতিনিধি (যুগ্ম-প্রধান/যুগ্ম-সচিব পর্যায়ের নিম্নে নয়) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। সভার কার্যপত্র এবং প্রস্তাবিত ডিপিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।


(মোহাম্মদ তারিফুল বারী)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯১৮০৬৪৬
ই-মেইলঃ tariful2004@yahoo.com

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর দপ্তর পরিকল্পনা বিভাগ
জইসি নং: ৩২ তারিখ: ৪/৩
সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল
প্রোগ্রামার
মেইলটোগ্রাম ইঞ্জিনিয়ার
সহকারী প্রোগ্রামার-১
সহকারী প্রোগ্রামার-২
সহকারী সিস্টেম এনালিস্ট
ব্যক্তিগত কর্মকর্তা

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৪। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- [দৃঃ আঃ যুগ্ম-প্রধান, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ ভবন, ১ আবদুল গনি রোড, ঢাকা (১১ তলা)]।
- ৫। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৬। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৯। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ১০। যুগ্ম-প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ১১। চেয়ারম্যান, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। উপ-সচিব, প্রটোকল শাখা, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

(২৫ জন কর্মকর্তার আপ্যায়নের ব্যবস্থা করার অনুরোধসহ)।

- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। সদস্য (শিল্প ও শক্তি) মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৪। প্রধান (শিল্প ও শক্তি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫। যুগ্ম-প্রধান (শিল্প ও সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৬। যুগ্ম-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৭। উপ-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৮। ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা, পরিকল্পনা কমিশন চত্বর পুলিশ ক্যাম্প, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

(তাকে সভায় আমন্ত্রিত অতিথিবৃন্দের কমিশন চত্বরে প্রবেশের সহযোগীতার অনুরোধসহ)।

৯। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বিদ্যুৎ উইং

বিষয়ঃ প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার জন্য কার্যপত্র।

১। প্রকল্পের নামঃ সৌর বিদ্যুৎ চালিত পাম্পের মাধ্যমে কৃষি সেচ
(Solar Photovoltaic Pumping for Agricultural Irrigation)

২। উদ্যোগী মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থাঃ

- (ক) বিভাগ/মন্ত্রণালয়ঃ বিদ্যুৎ বিভাগ/ বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
(খ) বাস্তবায়নকারী সংস্থাঃ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)।

৩। প্রকল্পের বাস্তবায়নকালঃ ০১ জানুয়ারী ২০১৮ হতে ৩১ ডিসেম্বর ২০২০।

৪। প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ঃ (কোটি টাকায়)

জিওবি	সংস্থার নিজস্ব	প্রকল্প ঋণ	মোট
১৭.৩১৯৭	২.০৮৪৩	৩৬৭.৬২৫৭	৩৮৭.০২৯৭

৫। প্রকল্পের অর্থায়নঃ (কোটি টাকায়)

অর্থায়নের প্রকৃতি	জিওবি	সংস্থার নিজস্ব	প্রকল্প সাহায্য	মোট	প্রকল্প সাহায্যের উৎস
১	২	৩	৫	৬	৭
(ক) ঋণ	-	-	১৬১.৮০০০	১৬১.৮০০০	এডিবি
(খ) অনুদান	-	-	২০৫.৮২৫৭	২০৫.৮২৫৭	
(গ) ইকুইটি	১৭.৩১৯৭	-	-	১৭.৩১৯৭	
(ঘ) অন্যান্য	-	২.০৮৪৩	-	২.০৮৪৩	
সর্ব মোট	১৭.৩১৯৭	২.০৮৪৩	৩৬৭.৬২৫৭	৩৮৭.০২৯৭	

৬। প্রকল্প এলাকাঃ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতাধীন ১০ টি পল্লী বিদ্যুৎ সমিতি (পবিস) (ঠাকুরগাঁও, দিনাজপুর-১, রংপুর-২, বগুড়া-১, নওগাঁ-২, গোপালগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, কুমিল্লা-২, ফেনী পবিস)।

৭। বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অবস্থান ও বরাদ্দঃ প্রস্তাবিত প্রকল্পটি ২০১৭-১৮ অর্থ বছরের আরএডিপিতে বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত রয়েছে।

৮। প্রকল্পের মূল উদ্দেশ্যঃ

- কৃষি সেচের জন্য সোলার ফটোভোল্টিক পাম্পিং সিস্টেমের বিস্তার এবং সেচ মৌসুমে গ্রীডের উপর বিদ্যুতের হঠাৎ অতিরিক্ত চাপ হ্রাস করা;
- ডিজেল চালিত পাম্প পরিহারের মাধ্যমে দূষিত পদার্থের নির্গমন হ্রাস।

৯। প্রকল্পের মূল কার্যক্রমঃ

পল্লী এলাকায় ২০০০টি (২.২ কিলোওয়াট = ৫৫০ টি, ৪.০ কিলোওয়াট = ৫৩০ টি, ৫.৫ কিলোওয়াট = ৫০০ টি, ৭.৫ কিলোওয়াট = ৩২০ টি এবং ১১.০ কিলোওয়াট = ১০০ টি) সৌর বিদ্যুৎ চালিত সেচ পাম্প স্থাপন (টার্ন-কী)।

১০। প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় বিভাজনঃ প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় বিভাজন সংযোজনী-‘ক’ -তে দ্রষ্টব্য।

১১। প্রকল্প সংশোধনের কারণঃ প্রযোজ্য নয়।

১২। পরিকল্পনা কমিশনের বিশ্লেষণঃ

ক) প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমিঃ

কৃষি প্রধান বাংলাদেশের প্রায় ৭০% এর অধিক জনগণ পল্লী অঞ্চলে বসবাস করে। পল্লী অঞ্চলের প্রায় ৮৭% জনগণের আয়ের একটি অংশ হচ্ছে কৃষি। বাংলাদেশের অর্থনীতিতে কৃষি একটি খুবই গুরুত্বপূর্ণ সেক্টর এবং জিডিবি'র প্রায় ১৬ শতাংশ কৃষি হতে আসে। বোরো ধান উচ্চ ফলনশীল হওয়ায় ১৪৭.৬ লক্ষ হেক্টর কৃষি জমির মধ্যে ৮৩.০ লক্ষ হেক্টর জমিতে বোরো ধানের চাষ হয়। বোরো ধান উৎপাদনে কৃষকেরা ডিজেল ও বিদ্যুৎ চালিত পাম্পের মাধ্যমে সেচ কাজ করে থাকে। এমনকি, আমন ধান চাষের মৌসুমে অপেক্ষাকৃত কম বৃষ্টিপাত হওয়ায় আমন ধান চাষেও পানি সেচ দিতে হয়; যা ডিজেল ও বিদ্যুৎ চালিত পাম্পের মাধ্যমে সেচ প্রদান করা হয়।


বর্তমানে প্রায় ২.৭০ লক্ষ বিদ্যুৎ চালিত সেচ পাম্পের মাধ্যমে সেচ মৌসুমে ১৭.০ লক্ষ হেক্টর কৃষি জমিতে সেচ চাহিদা পূরণ করা হচ্ছে, যেখানে প্রায় ১৭০০ মেগাওয়াট বিদ্যুতের প্রয়োজন হয়। ফলে সেচ মৌসুমে প্রায়শই বিদ্যুৎ ঘাটতির সম্মুখীন হতে হচ্ছে। এছাড়া বর্তমানে প্রায় ১৪ লক্ষ ডিজেল চালিত পাম্পের মাধ্যমে ৩৪০.০ লক্ষ হেক্টর কৃষি জমিতে সেচ প্রদান করা হচ্ছে। এই ডিজেল চালিত পাম্পসমূহের জন্য প্রতি বছর প্রায় ১০ লক্ষ টন ডিজেল বিদেশ হতে আমদানী করতে হয়। এছাড়া ডিজেল চালিত পাম্পসমূহের জন্য প্রতি বছর প্রায় ৩১০.০ লক্ষ টন কার্বন-ডাই অক্সাইড পরিবেশে নির্গত হচ্ছে। ডিজেল ও বিদ্যুৎ চালিত পাম্প ব্যবহারের ফলে সেচ মৌসুমে গ্রীডের উপর বিদ্যুতের হঠাৎ অতিরিক্ত চাপ এবং পরিবেশ দূষণকারী পদার্থের নির্গমন বৃদ্ধি পাচ্ছে।

নবায়নযোগ্য শক্তি চালিত পাম্প ব্যবহারের মাধ্যমে সেচ মৌসুমে গ্রীডের বিদ্যুতের উপর বাড়তি চাপ এবং পরিবেশে দূষণকারী পদার্থের নির্গমন হ্রাস করা যায়। এ প্রেক্ষিতে, সৌর বিদ্যুৎ হতে পারে টেকসই বিকল্প শক্তির উৎস। সৌর বিদ্যুৎ চালিত সেচ পাম্প ব্যবহারের মাধ্যমে সেচ মৌসুমে বিদ্যুতের উপর বাড়তি চাপ হ্রাস করার জন্য দেশের কয়েকটি জেলায় পাঁচ ক্যাটাগরির ২০০০টি সৌর বিদ্যুৎ চালিত সেচ পাম্প স্থাপনের জন্য “সৌর বিদ্যুৎ চালিত পাম্পের মাধ্যমে কৃষি সেচ” শীর্ষক প্রকল্প প্রস্তাব পরিকল্পনা কমিশনে পাওয়া গেছে। সৌর বিদ্যুৎ চালিত পাম্প স্থাপনের পর কৃষকের কাছ থেকে ব্যয়ের ১৫% এককালীন এবং অবশিষ্ট ৮৫% অর্থ ১০ বছর মেয়াদে কিস্তির মাধ্যমে আদায় হবে। কিস্তি পরিশোধের পর সেচ পাম্পের মালিকানা কৃষকের কাছে হস্তান্তর করা হবে।

(খ) ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার উদ্দেশ্য ও লক্ষ্যের সাথে প্রকল্পের সংগতিপূর্ণতাঃ ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় অবকাঠামোগত উন্নয়নের মাধ্যমে দারিদ্র্য বিমোচন ও অর্থনৈতিক উন্নয়নের উপর গুরুত্বারোপ করা হয়েছে। বিদ্যুৎ ব্যবহারের মাত্রাকে দেশের অর্থনৈতিক উন্নয়নের অন্যতম প্রধান মানদণ্ড হিসেবে গন্য করা হয়ে থাকে। ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় ২০২০ অর্থ বছর নাগাদ মোট জাতীয় উৎপাদনের ১০ শতাংশ নবায়নযোগ্য জ্বালানীর মাধ্যমে করার লক্ষ্য রয়েছে। আলোচ্য প্রকল্পটি উল্লিখিত লক্ষ্য অর্জনে সহায়ক ভূমিকা রাখবে বিধায় প্রকল্পটি ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সংগতিপূর্ণ।

(গ) মতামতঃ

- i. বর্তমানে বেসরকারী খাতের কতিপয় প্রতিষ্ঠান সোলার সেচযন্ত্র বাণিজ্যিক ভিত্তিতে বাজারজাতকরণ করছে। এছাড়াও IDCOL কর্তৃক সোলার সেচ প্রসারের জন্য একটি পরিকল্পনা চলমান। বিবেচ্য প্রকল্পটিতে বর্ণিত Business Model উপর্যুক্ত কার্যক্রমের সাথে সমন্বয় করে বাস্তবায়ন করা যেতে পারে।
- ii. প্রকল্পটির আওতায় ঢাকা ও চট্টগ্রাম বিভাগের জেলাগুলিতে ৫০টি করে এবং রংপুর ও রাজশাহী বিভাগের জেলাগুলিতে ১০০টি করে সোলার সেচযন্ত্র স্থাপনের প্রস্তাব করা হয়েছে। রংপুর ও রাজশাহীতে আরো অধিক জেলা অন্তর্ভুক্ত করে জেলা প্রতি বরাদ্দ কমানো যেতে পারে। এতে অধিক অঞ্চলের কৃষকের মধ্যে সোলার সেচযন্ত্র সম্পর্কে আগ্রহ সৃষ্টি করা সম্ভব হবে।
- iii. প্রকল্পের আওতায় অপারেশন, মেইনটেন্যান্স এবং মেনেজম্যান্ট বিদেশে এবং স্থানীয় প্রশিক্ষণের সংস্থান রাখা হয়েছে। সোলার সেচযন্ত্র একটি ইতোমধ্যে প্রতিষ্ঠিত টেকনোলজি। এমতাবস্থায়, বিদেশে পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য প্রশিক্ষণের প্রয়োজন নেই বলে প্রতীয়মান হয়। পরিবর্তে সোলার সেচ বিষয়ে জন সচেতনতা সৃষ্টি এবং তৃণমূল পর্যায়ে সোলার সেচের ব্যবস্থাপনার বিষয়ে বিদেশি প্রশিক্ষণ এক্সপোজার টুরের সংস্থান রাখা যেতে পারে।
- iv. প্রকল্পের জনবলের বিষয়ে অর্থবিভাগের জনবল নির্ধারণ কমিটির সুপারিশ ডিপিপি'তে অন্তর্ভুক্ত নেই। জনবল নির্ধারণ কমিটির সুপারিশ ডিপিপি পুনর্গঠনের সময় অন্তর্ভুক্ত করতে হবে।
- v. ডিপিপি'র লগ ফ্রেমের Input অংশের Means of verifications এ শুধুমাত্র প্রাক্কলিত ব্যয় উল্লেখ করা হয়েছে। এখানে verification এর জন্য প্রয়োজনীয় তথ্যের উৎস বা রিপোর্টসমূহ উল্লেখ করে লগ ফ্রেমটি পুনর্গঠন করতে হবে।
- vi. প্রকল্পটির প্রকিউরমেন্ট প্লান অনুসারে যানবাহন সংগ্রহের চুক্তির মেয়াদ জুলাই ২০১৮ উল্লেখ করা হলেও লগ ফ্রেমে ডিসেম্বর ২০১৮ উল্লেখ করা হয়েছে। প্রকিউরমেন্ট প্লান ও লগ-ফ্রেমের তথ্য সঠিকভাবে সন্নিবেশ করতে হবে।
- vii. ডিপিপিতে উল্লিখিত বিভিন্ন ক্ষমতার সোলার প্যানেল স্থাপনের জন্য প্রয়োজনীয় ভূমির পরিমাণ ডিপিপিতে উল্লেখ করতে হবে।



(কাজী জাহাঙ্গীর আলম)

যুগ্ম-প্রধান

পরিকল্পনা কমিশন

প্রকল্পের অংগভিত্তিক ব্যয় বিভাজন (ডিপিপি পৃঃ ৩):

সংযোজনী -ক

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	আইটেম	পরিমাণ	প্রকল্প ব্যয় ব্যয়			
			জিওবি	প্রকল্প সাহায্য	নিজস্ব ফান্ড	মোট
১	২	৩	৪	৫	৬	৭
(ক) রাজস্ব						
১.	অফিসারদের বেতন	১২জন	২৩.০৪	-	৯১.২০	১১৪.২৪
২.	কর্মচারীদের বেতন	১৩জন	৪৯.২৭	-	-	৪৯.২৭
ভাতাসমূহ						
৩.	বাড়ীভাড়া ভাতা	২৫জন	৪৩.৮৭	-	৪৯.১৯	৯৩.০৬
৪.	উৎসব বোনাস	২৫জন	১৩.২৬	-	১৬.৭২	২৯.৯৮
৫.	চিকিৎসা ভাতা	২৫জন	৯.১৮	-	৪.৩২	১৩.৫০
৬.	টিফিন ভাতা	১৩জন	০.৯৪	-	-	০.৯৪
৭.	যাতায়াত ভাতা	১৩জন	১.৪০	-	-	১.৪০
৮.	শিক্ষা ভাতা	২৫জন	৬.১২	-	২.৮৮	৯.০০
৯.	অন্যান্য ভাতা (গ্রাটুইটি+অন্যান্য)	২৫জন	২২.৩০	-	৯.১২	৩১.৪২
সরবরাহ ও সেবা						
১০.	ড্রমেন ব্যয়	থোক	১৮.০০	-	-	১৮.০০
১১.	ভাড়া অফিস	থোক	২৫.২০	-	-	২৫.২০
১২.	কাস্টম শুল্ক/ ভ্যাট	৩৫%	৩৬৯.৮৮	-	-	৩৬৯.৮৮
১৩.	টেলিফোন/ টেলিগ্রাফ/টেলিপ্রিন্টার	থোক	১.৪৪	-	-	১.৪৪
১৪.	পানি	থোক	০.৩৬	-	-	০.৩৬
১৫.	বিদ্যুৎ	থোক	১.০৮	-	-	১.০৮
১৬.	গ্যাস ও জ্বালানী	থোক	০.৭২	-	-	০.৭২
১৭.	পেট্রোল ও লুব্রিক্যান্ট	১২ টি (জীপ:১টি; ডা. কে. পিক- আপ: ০১টি এবং মো.বাইক: ১০টি)	২৫.২০	-	-	২৫.২০
১৮.	মুদ্রণ	থোক	১৪.৪০	-	-	১৪.৪০
১৯.	স্টেশনারী, সিল ও স্ট্যাম্পস	থোক	২৮.৮০	-	-	২৮.৮০
২০.	প্রকাশনা	থোক	৮০.০০	-	-	৮০.০০
২১.	প্রশিক্ষণ ব্যয়	৭০	-	৮৬.০০	-	৮৬.০০
২২.	সেমিনার, কনফারেন্স ব্যয়	থোক	৮০.০০	-	-	৮০.০০
২৩.	আপ্যায়ন ব্যয়	থোক	৫.৪০	-	-	৫.৪০
২৪.	পরামর্শক -আন্তর্জাতিক এবং স্থানীয় (ইঞ্জিনিয়ারিং কার্যক্রম)	১১৫ জন-মাস	-	৮০৯.০০	-	৮০৯.০০
২৫.	পরামর্শক -আন্তর্জাতিক এবং স্থানীয় (জেন্ডার কার্যক্রম)	৪৬ জন-মাস	-	১৬১.৮০	-	১৬১.৮০
২৬.	সম্মানী ভাতা/ ফি/ পারিশ্রামক	থোক	৭.২০	-	-	৭.২০
২৭.	অন্যান্য ব্যয় (সেইফ গার্ড)	থোক	-	-	৩৫.০০	৩৫.০০
মেরামত, সংরক্ষণ ও পুনর্বাসন						
২৮.	যানবাহন	১২ টি (জীপ:১টি; ডা. কে. পিক- আপ: ০১টি এবং মো.বাইক: ১০টি)	১১.৬৯	-	-	১১.৬৯
২৯.	আসবাব	থোক	০.৬০	-	-	০.৬০
৩০.	কম্পিউটার ও অফিস সরঞ্জাম	থোক	০.৯০	-	-	০.৯০
৩১.	অন্যান্য মেরামত ও সংরক্ষণ	থোক	০.৩০	-	-	০.৩০
উপ-মোট (রাজস্ব)			৮৪০.৫৪	১০৫৬.৮০	২০৮.৪৩	২১০৫.৭৭
(খ) মূলধন						
সম্পদ সংগ্রহ/ ক্রয়						
৩২.	মোটরযান	১২ টি (জীপ:১টি; ডা. কে. পিক- আপ: ০১টি এবং মো.বাইক: ১০টি)	১৪২.১৬	-	-	১৪২.১৬
৩৩.	কম্পিউটার ও যন্ত্রাংশ	৪সেট	৩.০০	-	-	৩.০০
৩৪.	আসবাব	থোক	২.০০	-	-	২.০০

ক্রমিক নং	আইটেম	পরিমাণ	প্রকল্প ব্যয় ব্যয়			
			জিওবি	প্রকল্প সাহায্য	নিজস্ব ফান্ড	মোট
১	২	৩	৪	৫	৬	৭
নির্মাণ ও পূর্ত						
বৈদ্যুতিক স্থাপনা						
৩৫.	সোলার পাম্প স্থাপন (টার্ন-কী)	২০০০সেট	-	৩৫৩৪৯.০১	-	৩৫৩৪৯.০১
বিবিধ মূলধন ব্যয়						
৩৬.	বিবিধ মূলধন ব্যয়	থোক	১০০.০০	-	-	১০০.০০
৩৭.	আইডিসি	থোক	২৮৩.৪৫	-	-	২৮৩.৪৫
উপ-মোট (মূলধন) :			৫৩০.৬১	৩৫৩৪৯.০১	-	৩৫৮৭৯.৬২
(গ) ফিজিক্যাল কনটিনজেন্সি			-	-	-	-
(ঘ) প্রাইজ কনটিনজেন্সি			৩৬০.৮২	৩৫৬.৭৭	-	৭১৭.৫৯
সর্বমোট প্রকল্প ব্যয় (ক+খ+গ+ঘ):			১৭৩১.৯৭	৩৬৭৬২.৫৭	২০৮.৪৩	৩৮৭০২.৯৭